

১০০

**শিক্ষাবৃত্তি প্রদানের  
জন্য দরখাস্ত আহ্বান**

ডাক, তার, দুরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, পুলিশ ও সশস্ত্র বাহিনীতে নিয়োজিত কর্মচারী ছাড়া বেসামরিক খাত হতে বেতনপ্রাপ্ত সকল নন-গেজেটেড সরকারী কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তান-সন্ততিদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তর কর্তৃক নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। পূরণকৃত দরখাস্ত ফরম জমা দেয়ার শেষ তারিখ আগামী ৩রা মাঘ (১৫ই ফেব্রুয়ারী)।

কন্সিডেবল, ওয়ার্কচার্জ কর্মচারী (যারা এক নাগাড়ে পাঁচ বছর বা তারচেয়ে বেশী সময় চাকরিতে নিয়োজিত আছেন) তারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

মৃত বা অবসরপ্রাপ্ত কর্মচারীদের সন্তান-সন্ততি যারা পূর্বে এ শিক্ষাবৃত্তি কোন নির্দিষ্ট কোর্সের জন্য পেয়েছেন তারাও এই কোর্স সমাপ্তির জন্য নিজ নিজ প্রতিষ্ঠান হতে সন্তোষজনক বার্ষিক অগ্রগতির প্রতিবেদনসহ তাদের মা-বাবা যে অফিসে চাকরি করতেন সে অফিসের মাধ্যমে এ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। তথ্য বিবরণী।

৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীবৃন্দ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত সর্বাধিক দু'টি সন্তানের শিক্ষাবৃত্তির জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। কিন্তু তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে নিম্নতম পাস নম্বরসহ ৪০% নম্বর থাকতে হবে। কর্মচারীরা যাতে আবেদনপত্রের নির্ধারিত ফরম সংগ্রহ করে তাদের সন্তান-সন্ততিদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারেন সেজন্য প্রতি জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে এ ফরম বিতরণের ব্যবস্থা নেয়া হয়েছে।

কর্মচারীরা ব্যক্তিগতভাবে নিজ নিজ অফিস কর্তৃপক্ষের মাধ্যমে জেলা প্রশাসকের অফিসে দরখাস্ত করে অথবা ডাকযোগে দু'টাকার ডাক টিকেটযুক্ত নিজের নাম ও ঠিকানাসহলিত ১০ ইঞ্চি x ৫ ইঞ্চি সাইজের খাম প্রেরণের

মাধ্যমে এ ফরম সংগ্রহ করতে পারবেন। এছাড়া অনুরূপ পদ্ধতিতে সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তরের পরিচালকের অফিস (১ম ১২ তলা সরকারী অফিস ভবনের ১১ তলা, সেগুনবাগিচা, ঢাকা) থেকেও দরখাস্ত ফরম সংগ্রহ করতে পারবেন।

নন-গেজেটেড সরকারী কর্মচারীদেরকে তাদের সন্তান-সন্ততিদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার ফলাফলসহ (পরীক্ষায় প্রাপ্ত মূল নম্বরপত্র) নির্দিষ্ট আবেদনপত্র (ফরম) যথাযথ পূরণ করে তা আগামী ৩রা মাঘ (১৫ই ফেব্রুয়ারী, বুধবার)-এর মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ পরিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌছাতে হবে।

স্মর্তব্য যে, পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে উহার ফটোকপি অথবা অন্য কোনরূপ অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করা হলে সেগুলো অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের দ্বারা সত্যায়িত হতে হবে।

উল্লেখ্য; নির্ধারিত সময়সীমার পরে (৩রা মাঘ, বুধবার ১৩৯৫, একে ১৫ই ফেব্রুয়ারী ১৯৮৯) প্রাপ্ত আবেদনপত্র কোনমতে বিবেচিত হবে না।